# লেকচার ৪

- বাংলা বানান রীতি
- বাক্য শুদ্ধি করণ
- প্রয়োগ ও অপ্রয়োগ

## বাংলা বানান রীতি, বাক্য শুদ্ধি করণ, প্রয়োগ ও অপপ্রোগ

### বানান শুদ্ধি

| নিয়ম | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|
| ☑ বস্তুবাচক শব্দ ও প্রাণিবাচক অ-তৎসম শব্দের শেষে ই-কার হবে। | বাড়ী,পাখী | বাড়ি,পাখি |
| ☑ দেশ,জাতি ও ভাষার নাম লিখতে সর্বদা ই-কার হবে। | জার্মানী,বাঙালী,ইংরেজী | জার্মানি, বাঙালি, ইংরেজি |
| ☑ -ইনী, -ঈ, ঈয়সী, -নী, -বতী, -মতী,-ময়ী অন্ত্য প্রত্যয়যুক্ত স্ত্রীবাচক শব্দের শেষে সর্বদা ঈ-কার হবে। | নারি,জননি | নারী,জননী |
| ☑ বিদেশি শব্দের বানান বাংলায় লেখার সময় ‘ষ’ ও ‘ণ’ হয়ে ‘স’ ও ‘ন’ হবে। | ষ্টেশন | স্টেশন |
| ☑ বানানে যে বর্ণের উপর রেফ থাকবে, সেই বর্ণে দ্বিত্ব হবে না। | কার্য্যালয় | কার্যালয় |
| ☑ বিস্ময়সূচক অব্যয় (যেমন: বাঃ/ছিঃ/উঃ ইত্যাদি) ব্যতীত বাংলা কোনো শব্দের শেষে বিসর্গ থাকবে না। | কার্যতঃ | কার্যত |
| ☑ কোনো শব্দের শেষে যদি ঈ-কার থাকে, সেই শব্দের সঙ্গে সভা, তা, নী ইত্যাদি যুক্ত হয়ে যদি নতুন শব্দ গঠন করে তবে পূর্ববর্তী শব্দের ঈ-কার নবগঠিত শব্দে সাধারণত ই-কারে বা ঈ-কারে পরিণত হয়। | মন্ত্রিসভা,সঙ্গীনী | মন্ত্রীসভা,সঙ্গিনী |
| ☑ শব্দের উর্ধ্বকমা ও হস্‌চিহ্ন যথাযথ বর্জন করা হবে। | হ’ল | হল |
| ☑ অদ্ভুত-এর ভুত ব্যতীত আর সব ভূত-এ ‘উ-কার’ ( ু ) হবে। | অভিভূত | অভিভুত |
| ☑ সন্ধিতে প্রথম পদের শেষে ম্ থাকলে ক বর্গের পূর্বে ম্ স্থানে ং লেখা হবে। | অহম্‌কার | অহংকার |
| ☑ বিশেষণবাচক ‘আলি’ প্রত্যয়যুক্ত শব্দে ই-কার (ি) হবে। | রূপালী | রূপালি |
| ☑ যেসব তৎসম শব্দে ই, ঈ বা উ, ঊ উভয় শুদ্ধ সেসব শব্দের কেবল ই বা উ এবং তার কারচিহ্ন ি, ু ব্যবহার হবে। | কিংবদন্তী | কিংবদন্তি |

| বর্ণ | কিছু জটিল শব্দের বানান |
|---|---|
| অ | অকস্মাৎ, অগ্ন্যাশয়, অগ্ন্যুৎপাত, অচিন্ত্য, অত্যধিক, অধ্যাত্ম, অনিন্দ্য, অনূর্ধ্ব, অন্তঃসত্ত্বা, অন্তর্জ্বালা, অন্ত্যেষ্টিক্রিয়া, অপাঙ্‌ক্তেয়, অমর্ত্য, অপরাহ্ণ, অলজ্ঝ্য, অশ্বত্থ |
| আ | আকাঙ্ক্ষা, আর্দ্র, আবিষ্কার, আহ্নিক, আনুষঙ্গিক |
| উ, ঊ | উচ্চৈঃস্বরে, উচ্ছ্বাস, উজ্জ্বল, উত্ত্যক্ত, উদ্ভিজ্জ, উপর্যুক্ত, উপলব্ধি, ঊর্ধ্ব, ঊর্ণনাভ |
| এ,ঐ | এতদ্বারা, এতদ্ব্যতীত, ঐকাত্ম্য, ঐন্দ্রজালিক, ঐশীশক্তি, ঐষীক |
| ও,ঔ | ওষ্ঠাধর, ওজস্বিতা,ওতপ্রোতভাবে,ঔজ্জ্বল্য, ঔদ্ধত্য |
| ক | কর্তৃ, কর্তৃক, কর্ত্রী, কাঙ্ক্ষিত, কৃচ্ছ্র, কৃত্তিবাস, কৃচিৎ, ক্রূর, কঙ্কণ |
| ক্ষ | ক্ষুব্ধ, ক্ষুন্নিবৃত্তি, ক্ষিতিশ, ক্ষেপণাস্ত্র, ক্ষুধানিবৃত্তি, গন্ধেশ্বরী |
| গ | গার্হস্থ্য, গ্রীষ্ম, গৃহিণী, গণনা, গন্ডে পিন্ডে, গন্ধেশ্বরী |
| ঘ | ঘূর্ণায়মান, ঘটনাবলি, ঘণ্টা, ঘনিষ্ঠতা, ঘৃতাহুতি, ঘ্রাণেন্দ্রিয় |
| জ | জলোচ্ছ্বাস, জাজ্বল্যমান, জীবাশ্ম, জ্বর, জ্বলজ্বল, জ্বলা, জ্বালা, জ্বালানি, জ্যেষ্ঠ,জ্যৈষ্ঠ, জ্যোৎস্না, জ্যোতি, জ্যোতিষী, জ্যোতিষ্ক। |
| ট,ঠ | টইটম্বুর, টীকাটিপ্পনী, টানাপোড়েন, টানাহেঁচড়া, ঠাট্টাতামাশা, ঠাকুর পূজা, টানাপড়েন। |
| ত | তৎক্ষণাৎ, তত্ত্ব, তত্ত্বাবধান, তদ্ব্যতীত, তাত্ত্বিক, তীক্ষ্ণ, তূষ্ণীম্ভাব, ত্বক, ত্বরণ, ত্বরান্বিত, ত্যক্ত। |
| দ | দয়ার্দ্র, দারিদ্র্য,দুরাকাঙ্ক্ষা, দুর্নিরীক্ষ্য, দৌরাত্ম্য, দ্বন্দ্ব, দ্বেষ, দ্বৈত, দ্ব্যর্থ, দ্যূতক্রীড়া। |
| ধ | ধ্বন্যাত্মক, ধ্বংস, ধ্বনি। |
| ন | নঞর্থক, নিক্বণ, নির্দ্বন্দ্ব, নির্দ্বিধ, ন্যস্ত, ন্যুব্জ ন্যূনতম, নিশীথিনী। |
| প | পক্ব, পঙ্‌ক্তি, পক্ষ্ম, পরাঙ্মুখ, পরিস্রাবণ, পার্শ্ব, প্রতিদ্বন্দ্বিতা, প্রত্যুষ, প্রাতঃকৃত্য, প্রাতভ্রমন। |
| ব | বক্ষ্যমাণ, বন্দ্যোপাধ্যায়, বন্ধ্যা, বয়োজ্যেষ্ঠ, বহিরিন্দ্রিয়,বাত্যাবিধ্বস্ত, বাল্মীকি, বিদ্বজ্জন, বিভীষিকা, বিভূতিভূষণ, বৈচিত্র্য, বৈদগ্ধ্য বৈশিষ্ট্য, ব্যক্ত, ব্যক্তিস্বাতন্ত্র্য, ব্যগ্র, ব্যঙ্গ, ব্যঞ্জনা, ব্যতিক্রম, ব্যতিরেকে, ব্যতিব্যস্থ, ব্যতীত, ব্যত্যয়, ব্যথিত, ব্যপদেশ। |
| ভ | ভৌগোলিক, ভ্রাতৃত্ব, ভ্রাতুষ্পুত্র, ভ্রান্ত, ভ্রাম্যমাণ। |
| ম | মধুসূদন, মনস্তত্ত্ব, মর্ত্য, মাহাত্ম্য, মুহুর্মুহু, মুমূর্ষু,মুহূর্ত, মহৌষধ, মৃণালিনী, মৃত্তিকা, ম্রিয়মাণ। |
| য | যথোপযুক্ত, যদ্যপি, যশঃপ্রার্থী, যক্ষ্মা, যশস্বী, যাচঞা, যাথার্থ্য, যূপকাষ্ঠ, যোগরূঢ়,যৌবনোত্তীর্ণ। |
| র | রৌদ্র, রুক্মিণী, রুচিবিগর্হিত, রূপণ, রৌদ্রকরোজ্জ্বল, রৌরব, রৌপ্য, রৌশন। |

| | |
|---|---|
| ল | লক্ষ্মণ, লক্ষ্মী, লঘূকরণ, লুপ্তোদ্ধার, লোমোদ্‌গম। |
| শ | শাশ্বত, শিরশ্ছেদ, শিষ্য, শ্বশুর, শ্বশ্রূ(শাশুড়ি), শ্বাপদ, শ্মশান, শ্মশ্রু (দাড়ি), শ্রদ্ধাস্পদেষু, শ্রীমতী, শ্যেন, শ্লেষ্মা, শিরঃপীড়া, শুশ্রূষা। |
| ষ | ষড়ানন, ষাণ্মাতুর, ষাণ্মাসিক। |
| স | সংবর্ধনা, সত্তা, সত্ত্ব, সত্ত্বেও, সন্ধ্যা, সন্ন্যাস, সন্ন্যাসী সম্মেলন, সরস্বতী, সাত্ত্বিক, সান্ত্বনা, সিন্দুর, সূক্ষ্ম, সৌহার্দ্য, স্বতঃস্ফূর্ত, স্বত্ব, স্বাচ্ছন্দ্য, স্বাতন্ত্র্য, স্বায়ত্তশাসন, স্বাস্থ্য, স্মরণ। |
| হ | হীনম্মন্যতা,হ্রস্ব,হ্রাস, হৃৎপিণ্ড, হোঁচট,হ্রস্বীভূত, হ্রেষা,হ্রদ। |

## কতিপয় শব্দের উচ্চারণ

| শব্দ | উচ্চারণ | শব্দ | উচ্চারণ |
|---|---|---|---|
| অক্ষি | ওক্‌খি | কক্ষ | কোক্‌খো |
| আর্ত | আর্‌তো | খবর | খবোর্‌ |
| ইতস্তত | ইতস্‌তোতো | গগন | গগোন্‌ |
| ঈষৎ | ইশত্‌ | ঘটনা | ঘটোনা |
| উৎস | উত্‌শো | চপল | চপোল্‌ |
| ঊর্ধ্ব | উর্‌ধো | ছলনা | ছলোনা |
| ঋষি | রিশি | জনক | জনোক্‌ |
| একতা | একোতা | পণ্য | পোন্‌নো |
| ঐক্য | ওইক্‌কো | ফটিক | ফোটিক্‌ |
| ওজন | ওজোন | বনফুল | বনোফুল |
| ঔদার্য | ওউদার্‌জো | ভক্ত | ভক্‌তো |

## বাক্য শুদ্ধি

| নিয়ম | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|
| ☑ বানানগত অশুদ্ধি | আমি 'গীতাঞ্জলী' পড়েছি। | আমি 'গীতাঞ্জলি' পড়েছি। |
| ☑ পদের অপপ্রয়োগজনিত অশুদ্ধি | কাল বিতরণী হবে উৎসব স্কুলে আমাদের পুরস্কার অনুষ্ঠিত। | কাল আমাদের স্কুলে পুরস্কার বিতরণী উৎসব অনুষ্ঠিত হবে। |
| ☑ লিঙ্গজনিত অশুদ্ধি | তিনি একজন ভাগ্যবান মহিলা। | তিনি একজন ভাগ্যবতী মহিলা। |
| ☑ সমাসঘটিত ভুল | আকণ্ঠ পর্যন্ত ভোজনে স্বাস্থ্যহানি ঘটে। | আকণ্ঠ ভোজনে স্বাস্থ্যহানি ঘটে। |
| ☑ বিরাম চিহ্নের ভুল | স্যার আমাকে জিজ্ঞেস করলেন, তোমার নাম কী? | স্যার আমাকে জিজ্ঞেস করলেন, 'তোমার নাম কী?' |
| ☑ বাক্যে প্রবাদ-প্রবচনজনিত ভুল | দশচক্রে ঈশ্বর ভূত। | দশচক্রে ভগবান ভূত। |
| ☑ বিশেষ্য-বিশেষণের বাহুল্য প্রয়োগজনিত অশুদ্ধি | আমার টাকার আবশ্যক নেই। | আমার টাকার আবশ্যকতা নেই। |
| ☑ বাচ্যজনিত অশুদ্ধি | এ কথা প্রমাণ হয়েছে। | এ কথা প্রমাণিত হয়েছে। |
| ☑ প্রত্যয়জনিত অশুদ্ধি | ধৈর্যতা, সহিষ্ণুতা মহত্ত্বের লক্ষণ। | ধৈর্য ও সহিষ্ণুতা মহত্ত্বের লক্ষণ। |
| ☑ সন্ধিজনিত অশুদ্ধি | জ্ঞানী মানুষ অবশ্যই যশলাভ করেন। | জ্ঞানী মানুষ অবশ্যই যশোলাভ করেন। |
| ☑ বচনঘটিত অশুদ্ধি | শোকসভায় বিশিষ্ট বুদ্ধিজীবী, বিজ্ঞানী, দার্শনিক প্রমুখগণ শ্রদ্ধাঞ্জলি প্রদান করেন। | শোকসভায় বিশিষ্ট বুদ্ধিজীবী, বিজ্ঞানী, দার্শনিক প্রমুখ শ্রদ্ধাঞ্জলি প্রদান করেন। |
| ☑ সাধু ও চলিত ভাষার মিশ্রণজনিত অশুদ্ধি | এ কাজটি আমার পক্ষে সম্ভব নহে। | এ কাজটি আমার পক্ষে সম্ভব নয়। |
| ☑ ন-ত্ব ও ষ-ত্ব বিধানজনিত অশুদ্ধি | অরন্য জনপদে একটি চমৎকার পুস্তক। | 'অরণ্য জনপদে' একটি চমৎকার পুস্তক। |
| ☑ বানান ও অসঙ্গতিপূর্ণ শব্দজনিত অশুদ্ধি | তার জ্যৈষ্ঠ পুত্র ও কনিষ্ঠ কন্যা বিদেশে গিয়েছে। | তার জ্যেষ্ঠ পুত্র ও কনিষ্ঠ কন্যা বিদেশ গিয়েছে। |

## বিগত বিসিএস পরীক্ষায় আসা প্রশ্নসমূহ

**১. বাংলা একাডেমী 'প্রমিত বাংলা বানানের নিয়ম' কত সালে প্রণীত হয়?** [৪৬তম বিসিএস]
ক. ১৯৯০ খ. ১৯৯২ গ. ১৯৯৪ ঘ. ১৯৯৬ উত্তর: খ

**২. কোন বানানটি শুদ্ধ?** [৪৬তম বিসিএস]
ক. মুলো খ. মুলা গ. ধুলি ঘ. ধূলো উত্তর: ক,খ

**৩. শুদ্ধ বানানের গুচ্ছ কোনটি?** [৪৪তম বিসিএস]
ক. শিরশ্ছেদ, দরিদ্রতা, সমীচীন
খ. শিরোশ্ছেদ, দারিদ্র্য, সমীচিন
গ. শিরঃশ্ছেদ, দরিদ্রতা, সমিচীন
ঘ. শিরচ্ছেদ, দরিদ্রতা, সমীচীন
উত্তর: ক

**৪. শুদ্ধ বানান কোনটি?** [৪৪তম বিসিএস]
ক. মুমুর্ষু খ. মুমূর্ষূ গ. মুমূর্ষু ঘ. মুমূর্ষু উত্তর: গ

**৫. ভুল বানান কোনটি?** [৪৩তম বিসিএস]
ক. ভূবন খ. অন্তঃসার গ. মুহূর্ত ঘ. অদ্ভুত উত্তর: ক

**৬. সঠিক বানান নয় কোনটি?** [৪২তম বিসিএস]
ক. ধরণি খ. মূর্ছা গ. গুণ ঘ. প্রাণী উত্তর: খ

৭. কোনটি শুদ্ধ নয়? [৪২তম বিসিএস]
ক. যন্ত্রনা খ. শূদ্র গ. সহযোগিতা ঘ. স্বতঃস্ফূর্ত উত্তর: খ

৮. কোনটি শুদ্ধ বানান? [৪১তম বিসিএস]
ক. পুরস্কার খ. আবিষ্কার গ. সময়পোযোগী ঘ. সত্ব উত্তর: ঘ

৯. কোনটি শুদ্ধ বানান? [৪০তম বিসিএস]
ক. বিভিসীকা খ. বিভীষিকা গ. বীভিষিকা ঘ. বীভিষীকা উত্তর: খ

১০. কোনটি শুদ্ধ বানান? [৪০তম বিসিএস]
ক. প্রজ্বল খ. প্রোজ্জল গ. প্রোজ্বল ঘ. প্রোজ্জ্বল উত্তর: ক

১১. নিচের কোন বানানগুচ্ছের সবগুলো বানানই অশুদ্ধ? [৩৭তম বিসিএস]
ক. নিক্কণ, সুচগ্র, অনুর্ধ্ব খ. অনূর্বর, উর্ধ্বগামী, শুদ্ধ্যশুদ্ধি
গ. ভূরিভূরি, ভূঁড়িওয়ালা, মাতৃশ্বাসা ঘ. রানি, বিকিরণ, দুরতিক্রম্য উত্তর: ক

১২. নিচের কোনটি অশুদ্ধ? [৩৭তম বিসিএস]
ক. অহিংস-সহিংস খ. প্রসন্ন-বিষণ্ন গ. দোষী-নির্দোষী ঘ. নিস্পাপ-পাপিনী উত্তর: গ

১৩. নিচের কোন বানানটি শুদ্ধ? [৩৫তম বিসিএস]
ক. মনীষী খ. মনিষি গ. মনীষি ঘ. মনিষী উত্তর: ক

১৪. কোন বানানটি শুদ্ধ নয়? [৩৩তম বিসিএস]
ক. দরিদ্রতা খ. উপযোগিতা গ. শ্রদ্ধাঞ্জলি ঘ. উর্দ্ধ উত্তর: ঘ

১৫. কোনটি সঠিক বানান? [৩৩তম বিসিএস]
ক. নিশিথিনী খ. নীশিথিনী গ. নিশীথিনী ঘ. নিশিথিনি উত্তর: গ

১৬. কোন বানানটি শুদ্ধ? [৩৩তম বিসিএস]
ক. পিপিলিকা খ. পিপীলিকা গ. পীপিলিকা ঘ. পিপিলীকা উত্তর: খ

১৭. কোনটি শুদ্ধ বানান? [৩২তম বিসিএস]
ক. আকাংখা খ. আকাঙ্ক্ষা গ. আকাঙ্খা ঘ. আকাংক্ষা উত্তর: খ

১৮. কোনটি শুদ্ধ বানান? [২৫তম বিসিএস]
ক. দন্দ খ. দ্বন্দ গ. দ্বন্দ্ব ঘ. দন্ব উত্তর: গ

১৯. কোন বানানটি শুদ্ধ? [২১তম ১০তম বিসিএস]
ক. মুমুর্ষু খ. মুমূর্ষু গ. মূমুর্ষু ঘ. মুমুর্ষূ উত্তর: খ

২০. কোন বানানটি শুদ্ধ? [২০তম বিসিএস]
ক. শুশ্রুষা খ. সুশ্রুষা গ. শুশ্রূষা ঘ. সুশ্রুসা উত্তর: গ

২১. কোন বানানটি শুদ্ধ? [১৮তম বিসিএস]
ক. সমীচীন খ. সমিচীন গ. সমীচিন ঘ. সমিচিন উত্তর: ক

২২. শুদ্ধ বানানটি নির্দেশ করুন- [১৫তম বিসিএস]
ক. মুহুর্মুহু খ. মূহুর্মুহু গ. মুহ্র্মূহু ঘ. মুর্হুর্মূহু উত্তর: ক

২৩. কোন বাক্যটি শুদ্ধ? [৩৭তম বিসিএস]
ক. আপনি স্বপরিবারে আমন্ত্রিত। খ. তার কথা শুনে আমি আশ্চর্যান্বিত হলাম।
গ. তোমার পরশ্রীকাতরতায় আমি মুগ্ধ। ঘ. সেদিন থেকে তিনি সেখানে আর যায় না। উত্তর: খ

২৪. কোন বাক্যটি শুদ্ধ? [৩৫তম বিসিএস]
ক. দৈন্যতা সর্বদা মহত্বের পরিচায়ক নয় খ. দৈন্য সর্বদা মহত্বের পরিচায়ক নয়
গ. দৈন্যতা সর্বদা মহত্ত্বের পরিচায়ক নয় ঘ. দৈন্য সর্বদা মহত্ত্বের পরিচায়ক নয় উত্তর: ঘ

২৫. নিচের কোন শব্দে ণত্ব বিধি অনুসারে 'ণ' এর ব্যবহার হয়েছে? [৩৬তম বিসিএস]
ক. কল্যাণ খ. প্রবণ গ. নিক্কণ ঘ. বিপণি উত্তর: খ

২৬. নিত্য মূর্ধন্য-ষ কোন শব্দে বর্তমান? [২৪তম, ২০তম বিসিএস]
ক. কষ্ট খ. উপনিষৎ গ. কল্যাণীয়েষু ঘ. আষাঢ় উত্তর: ঘ

২৭. ণ-ত্ব বিধি সাধারণত কোন শব্দে প্রযোজ্য? [২১তম বিসিএস]
ক. দেশী খ. বিদেশী গ. তৎসম ঘ. তদ্ভব উত্তর: গ

## বাক্য শুদ্ধি

### গুরুত্বপূর্ণ বাক্য রূপান্তর

| বাক্যের নাম | বাক্য রূপান্তর |
|---|---|
| সরল | মিথ্যা বলার জন্য তোমার পাপ হবে। |
| জটিল | যেহেতু তুমি মিথ্যা বলেছ, সেহেতু তোমার পাপ হবে। |
| যৌগিক | তুমি মিথ্যা বলেছ, সুতরাং তোমার পাপ হবে। |
| সরল | বিদ্বান হলেও তার অহঙ্কার নেই। |
| জটিল | যদিও তিনি বিদ্বান, তবুও তার অহঙ্কার নেই। |

| | |
|---|---|
| যৌগিক | তিনি বিদ্বান বটে, কিন্তু তার অহঙ্কার নেই। |
| সরল | পণ্ডিত হওয়া সত্ত্বেও সে বিনয়ী নয়। |
| জটিল | যদিও সে পণ্ডিত, তথাপি সে বিনয়ী নয়। |
| যৌগিক | সে পণ্ডিত বটে, কিন্তু বিনয়ী নয়। |
| সরল | ধনীরা প্রায়ই কৃপণ হয়। |
| জটিল | যারা ধনী তারা প্রায়ই কৃপণ হয়। |
| যৌগিক | তারা ধনী কিন্তু কৃপণ। |
| সরল | পরোপকারীকে সবাই শ্রদ্ধা করে। |
| জটিল | যিনি পরের উপকার করেন, তাকে সবাই শ্রদ্ধা করে। |
| যৌগিক | তিনি পরোপকার করেন, সুতরাং সবাই তাকে শ্রদ্ধা করে। |
| সরল | কর্মের অনুরূপ ফল পাবে। |
| জটিল | যেমন কর্ম করবে, তেমন ফল পাবে। |
| যৌগিক | কর্ম কর, অনুরূপ ফল পাবে। |
| সরল | সে নামজাদা শ্বশুরের শিষ্য বলে মস্ত লোক। |
| জটিল | যেহেতু সে নামজাদা শ্বশুরের শিষ্য, সেহেতু সে মস্ত লোক। |
| যৌগিক | সে নামজাদা শ্বশুরের মিষ্য, সুতরাং মস্ত লোক। |
| সরল | কেহ কহিয়া না দিলেও তপোবন বলিয়া বোধ হইতেছে। |
| জটিল | যদিও কেহ কহিয়া দিতেছে না তবুও তপোবন বলিয়া বোধ হইতেছে। |
| যৌগিক | কেহ কহিয়া দিতেছে না, কিন্তু তপোবন বলিয়া বোধ হইতেছে। |
| সরল | তার বয়স বাড়লেও বুদ্ধি বাড়েনি। |
| জটিল | যদিও তার বয়স বেড়েছে, তবুও তার বুদ্ধি বাড়েনি। |
| যৌগিক | তার বয়স বেড়েছে কিন্তু বুদ্ধি বাড়েনি। |
| সরল | মেঘ গর্জন করলে ময়ূর নৃত্য করে। |
| জটিল | যখন মেঘ গর্জন করে, তখন ময়ূর নৃত্য করে। |
| যৌগিক | মেঘ গর্জন করে এবং ময়ূর নৃত্য করে। |
| সরল | সত্য বললে মুক্তি পাবে। |
| জটিল | যদি সত্য বল, তাহলে মুক্তি পাবে। |
| যৌগিক | সত্য বল তাহলে মুক্তি পাবে। |
| সরল | ছোট ও রসে ভরা। |
| জটিল | যদিও ছোট, তবু রসে ভরা। |
| যৌগিক | ছোট কিন্তু রসে ভরা। |

| নিয়ম | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|
| ☑ বানানগত অশুদ্ধি | আমি 'গীতাঞ্জলী' পড়েছি। | আমি 'গীতাঞ্জলি' পড়েছি। |
| ☑ পদের অপপ্রয়োগজনিত অশুদ্ধি | কাল বিতরণী হবে উৎসব স্কুলে আমাদের পুরস্কার অনুষ্ঠিত। | কাল আমাদের স্কুলে পুরস্কার বিতরণী উৎসব অনুষ্ঠিত হবে। |
| ☑ লিঙ্গজনিত অশুদ্ধি | তিনি একজন ভাগ্যবান মহিলা। | তিনি একজন ভাগ্যবতী মহিলা। |
| ☑ সমাসঘটিত ভুল | আকন্ঠ পর্যন্ত ভোজনে স্বাস্থ্যহানি ঘটে। | আকণ্ঠ ভোজনে স্বাস্থ্যহানি ঘটে। |
| ☑ বিরাম চিহ্নের ভুল | স্যার আমাকে জিজ্ঞেস করলেন, তোমার নাম কী? | স্যার আমাকে জিজ্ঞেস করলেন, 'তোমার নাম কী?' |
| ☑ বাক্যে প্রবাদ-প্রবচনজনিত ভুল | দশচক্রে ঈশ্বর ভূত। | দশচক্রে ভগবান ভূত। |
| ☑ বিশেষ্য-বিশেষণের বাহুল্য প্রয়োগজনিত অশুদ্ধি | আমার টাকার আবশ্যক নেই। | আমার টাকার আবশ্যকতা নেই। |
| ☑ বাচ্যজনিত অশুদ্ধি | এ কথা প্রমাণ হয়েছে। | এ কথা প্রমাণিত হয়েছে। |
| ☑ প্রত্যয়জনিত অশুদ্ধি | ধৈর্যতা, সহিষ্ণুতা মহত্ত্বের লক্ষণ। | ধৈর্য ও সহিষ্ণুতা মহত্ত্বের লক্ষণ। |
| ☑ সন্ধিজনিত অশুদ্ধি | জ্ঞানী মানুষ অবশ্যই যশলাভ করেন। | জ্ঞানী মানুষ অবশ্যই যশোলাভ করেন। |
| ☑ বচনঘটিত অশুদ্ধি | শোকসভায় বিশিষ্ট বুদ্ধিজীবী, বিজ্ঞানী, দার্শনিক প্রমুখগণ শ্রদ্ধাঞ্জলি প্রদান করেন। | শোকসভায় বিশিষ্ট বুদ্ধিজীবী, বিজ্ঞানী, দার্শনিক প্রমুখ শ্রদ্ধাঞ্জলি প্রদান করেন। |
| ☑ সাধু ও চলিত ভাষার মিশ্রণজনিত অশুদ্ধি | এ কাজটি আমার পক্ষে সম্ভব নহে। | এ কাজটি আমার পক্ষে সম্ভব নয়। |
| ☑ ন-ত্ব ও স-ত্ব বিধানজনিত অশুদ্ধি | অরন্য জনপদে একটি চমৎকার পুস্তক। | 'অরণ্য জনপদে' একটি চমৎকার পুস্তক। |
| ☑ বানান ও অসঙ্গতিপূর্ণ শব্দজনিত অশুদ্ধি | তার জৈষ্ঠ পুত্র ও কনিষ্ঠ কন্যা বিদেশে গিয়েছে। | তার জ্যেষ্ঠ পুত্র ও কনিষ্ঠ কন্যা বিদেশ গিয়েছে। |

## প্রয়োগ-অপপ্রয়োগ

| নিয়ম | অপপ্রয়োগ | প্রয়োগ |
|---|---|---|
| ☑ সাধারণ প্রত্যয়ের অপপ্রয়োগ | আবশ্যকীয় | আবশ্যক |
| ☑ 'তা' এবং 'ত্ব' প্রত্যয়ের অপপ্রয়োগ | উৎকর্ষতা | উৎকর্ষ,উৎকৃষ্টতা |
| ☑ উৎকর্ষবাচক তর, তম প্রত্যয়ের অপপ্রয়োগ | গরিষ্ঠতর | গরিষ্ঠ |
| ☑ সমাসজনিত অশুদ্ধি | অহর্নিশি | অহর্নিশ |
| ☑ সন্ধিজনিত অশুদ্ধি | উপরোক্ত | উপর্যুক্ত |
| ☑ বাহুল্যজনিত অশুদ্ধি | অত্রস্থানে | অত্র |
| ☑ বিশেষণ দ্বিত্বজনিত অশুদ্ধি | আকুলিত | আকুল |
| ☑ নেতিবাচক বা খারাপ অর্থ প্রদান করলে দ-এর সাথে উ-কার হয়। | দূর্নীতি | দুর্নীতি |
| ☑ ব্যবধান অর্থ বুঝালে দ-এর সাথে ঊ-কার হয়। | দুরদর্শন | দূরদর্শন |
| ☑ যেসব প্রশ্নের জবাব 'হ্যাঁ' বা 'না' দ্বারা দেওয়া যায় , সেক্ষেত্রে 'কি' ব্যবহৃত হয়। | সে কী আমাকে চেনে? | সে কি আমাকে চেনে? |
| ☑ যেসব প্রশ্নের জবার 'হ্যাঁ' বা 'না' দ্বারা দেওয়া যায় না, সেক্ষেত্রে 'কী' ব্যবহৃত হয়। | তোমার নাম কি? | তোমার নাম কী? |
| ☑ যেসব শব্দের শেষে 'স্থ' আছে,অধিকাংশ ক্ষেত্রে সে শব্দ থেকে 'স্থ' বাদ দেওয়ার পরও শব্দটি অর্থবোধক থাকে। | অন্তস্ত | অন্তস্থ |
| ☑ যেসব শব্দের শেষে 'স্ত' আছে, অধিকাংশ ক্ষেত্রে সে শব্দ থেকে 'স্ত' বাদ দিলে অর্থবোধক থাকে না। | অস্থ | অস্ত |
| ☑ যে শব্দকে ভাঙলে দ্বিতীয় শব্দের প্রথমে অ-কার পাওয়া যায় সেসব শব্দে শুধু 'ব্য' হবে। | বি+অগ্র = বিগ্র | বি+অগ্র = ব্যগ্র |
| ☑ যে শব্দকে ভাঙলে দ্বিতীয় শব্দের প্রথমে অ-কার পাওয়া যায় সেসব শব্দে শুধু 'ব্যা' হয়। | বি+আকুল = ব্যকুল | বি+আকুল = ব্যাকুল |
| ☑ কেবল পরিধান করা অর্থে 'পরা' ব্যবহৃত হয়। | আমি শার্ট পড়েছি। | আমি শার্ট পরেছি। |
| ☑ বাকি সব ক্ষেত্রে পড়া 'হবে'। | আমি উপন্যাস পরি। | আমি উপন্যাস পড়ি। |
| ☑ সব ভূত বানান ঊ-কার দিয়ে হয়। | অঙ্গীভুত | অঙ্গীভূত |
| ☑ এক মাত্র অদ্ভুত বানানে উ-কার হয়। | অদ্ভূত | অদ্ভুত |
| ☑ কেবল জীবিকা শব্দের বানানে ব-এ হ্রস্ব ই-কার 'বি' হয়। | জীবীকা | জীবিকা |
| ☑ বাকী সব জীবী-তে ঈ-কার হয়। | আইনজীবি | আইনজীবী |
| ☑ শব্দ দুটো 'মন্ত্রী' শব্দের শেষে যোগ হলে 'মন্ত্রী' বানান আর 'ঈ' কার থাকে না। | মন্ত্রীপরিষদ | মন্ত্রিপরিষদ |

➢ **বানানগত অশুদ্ধি:** বানানরীতি সম্পর্কে অবজ্ঞা কিংবা অসতর্কতার ফলে শব্দের বানান বিভ্রান্তি ঘটে থাকে। বানানগত অপপ্রয়োগের দৃষ্টান্ত:

| অশুদ্ধ শব্দ | শুদ্ধ রূপ | অশুদ্ধ রূপ | শুদ্ধ রূপ |
|---|---|---|---|
| অধগতি | অধোগতি | অহোরাত্রি | অহোরাত্র |
| মনোকষ্ট | মনঃকষ্ট | ছত্রছায়া | ছত্রচ্ছায়া |
| শিরচ্ছেদ | শিরশ্ছেদ | কৌতুহল | কৌতূহল |
| উৎকর্ষতা | উৎকর্ষ | ঋণগ্রস্থ | ঋণগ্রস্ত |
| সমীচিন | সমীচীন | সম্বাদ | সংবাদ |
| অংক | অঙ্ক | কেবলমাত্র | কেবল/মাত্র |

➢ **সমাসঘটিত বানান:** সংস্কৃত ইন্-ভাগান্ত শব্দের প্রথমবার একবচনের রূপ হিসেবে বাংলায় ধনী, পাপী, গুণী ইত্যাদি শব্দ এসেছে। কিন্তু নিঃ (নির্) উপসর্গযোগে সমাসবদ্ধ হলে এগুলোর অন্তে ই-কার হওয়ার কথা নয়। কারণ, এসব ক্ষেত্রে ধনী, পাপী ইত্যাদি শব্দের সঙ্গে সমাস হয় না, সমাস হয় ধন, পাপ ইত্যাদি শব্দের সঙ্গে। যেমন: নেই ধন যার= নির্ধন, নেই পাপ যার= নিষ্পাপ। এ নিয়মে নির্ধনী, নিষ্পাপী ইত্যাদি শব্দ অশুদ্ধ। এরকম:

| অশুদ্ধ শব্দ | শুদ্ধ রূপ | অশুদ্ধ রূপ | শুদ্ধ রূপ |
|---|---|---|---|
| নিরহংকারী | নিরহংকার | নীরোগী | নীরোগ |
| নিরপরাধী | নিরপরাধ | নিরভিমানী | নিরভিমান |
| অতলস্পর্শী | অতলস্পর্শ | অহর্নিশি | অহর্নিশ |
| গরিমামণ্ডিত | গরিমমণ্ডিত | দিবারাত্রি | দিবারাত্র |

➢ **প্রত্যয়ঘটিত বানান:**

আর্থনীতিক (অর্থনৈতিক নয়), সামসময়িক (সমসাময়িক নয়), দূষণীয় দোষণীয় নয়), পরিত্যাজ্য (পরিত্যজ্য নয়), সহ্য (সহ্যনীয় নয়)।

➤ **সমার্থক শব্দের বানান (শব্দের অতি ব্যবহারজনিত অশুদ্ধি):**

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| অদ্যাপিও | অদ্যাপি | যদ্যাপিও | যদ্যপি/যদিও |
| আয়ত্তাধীন | আয়ত্ত/অধীন | সমূলসহ | সমূল/মূলসহ |
| আরক্তিম | আরক্ত/রক্তিম | সুবুদ্ধিমান | সুবুদ্ধি/বুদ্ধিমান |
| কদাপিও | কদাপি | সুস্বাগত | স্বাগত |
| বিবিধপ্রকার | বিবিধ | সুস্বাস্থ্য | স্বাস্থ্য |

➤ **লক্ষণীয়:** 'স্বাগত' শব্দটি গঠিত হয়েছে 'সু' উপসর্গযোগে (সু + আগত = স্বাগত)। এর সঙ্গে আবারও অনাবশ্যকভাবে 'সু' উপসর্গ যোগ করে 'সুস্বাগত' শব্দটি তৈরি ব্যাকরণসম্মত বা প্রয়োগসিদ্ধ নয়। এরকম 'সুস্বাস্থ্য' শব্দটিতেও 'সু' উপসর্গের দ্বিত্ব প্রয়োগ দেখা যায়।

➤ **প্রায় সমোচ্চারিত শব্দের বানানজনিত অপপ্রয়োগ:** ভাষায় ব্যবহৃত শব্দের ঠিক অর্থ সম্পর্কে ধারণা না থাকার কারণেও প্রয়োগে বিভ্রান্তি ঘটে থাকে। এ ধরনের বিভ্রান্তির জন্য বাক্যে ভুল শব্দ ব্যবহৃত হয়। দৃষ্টান্তস্বরূপ-

| শব্দ | অর্থ | শব্দ | অর্থ |
|---|---|---|---|
| অবদান | কীর্তি | অবধান | মনোযোগ |
| আসক্তি | অনুরাগ | আসত্তি | নৈকট্য |
| কাঁদা | কান্না | কাদা | কর্দম |
| টিকা | তিলক | টীকা | সংক্ষিপ্ত ব্যাখ্যা |
| দিন | দিবস | দীন | দরিদ্র |
| পরভৃত | কোকিল | পরভৃৎ | কাক |
| ভিত | বুনিয়াদ | ভীত | শঙ্কিত |
| যতি | বিরাম | যতী | সন্ন্যাসী |
| শুচি | পবিত্র | সূচী | তালিকা |
| স্বর্গ | দেবতার বাসস্থান | সর্গ | অধ্যায় |
| হাঁড়ি | পাত্র | হাড়ি | নিম্নবর্ণের হিন্দু |

➤ **উৎকর্ষবাচক -তর, -তম প্রত্যয়ের অপ্রপ্রয়োগজনিত বানান:**

বাংলায় উৎকর্ষের সর্বাধিক্য বোঝাতে গুণবাচক শব্দের সঙ্গে /-ইষ্ঠ/প্রত্যয় যুক্ত হয়। যেমন: কনিষ্ঠ, গরিষ্ঠ, জ্যেস্ঠ, পাপিষ্ঠ, বলিষ্ঠ, লঘিষ্ঠ, শ্রেষ্ঠ ইত্যাদি। এসব শব্দের সঙ্গে ভুলবশত অনেকে দুইয়ের মধ্যে একের উৎকর্ষবাচক ৎ-তর এবং বহুর মধ্যে একের উৎকর্ষবাচক ৎ-তম/প্রত্যয় যোগ করে থাকেন। যেমন: কনিষ্ঠতর/ কনিষ্ঠতম, শ্রেষ্ঠতর/শ্রেষ্ঠতম ইত্যাদি। এরকম প্রয়োগ অশুদ্ধ ও অনুচিত।

| অশব্দ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| কনিষ্ঠতম | কনিষ্ঠ | বলিষ্ঠতম/তর | বলিষ্ঠ |
| গরিষ্ঠতম/তর | গরিষ্ঠ | শ্রেষ্ঠতম/তর | শ্রেষ্ঠ |
| পাপিষ্ঠতম/তর | পাপিষ্ঠ | লঘিষ্ঠতম/তর | লঘিষ্ঠ |

➤ **শব্দের গঠনগত অপপ্রয়োগ:** যে কোনো শব্দের গঠনরীতি সম্পর্কে অজ্ঞতার ফলে এর ব্যবহারে বিভ্রান্তি ঘটে থাকে। দৃষ্টান্তস্বরূপ:

| অশব্দ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| অসহ্যনীয় | অসহ্য | অধীনস্থ | অধীন |
| অস্তমান | অস্তায়মান | অগ্রসরমান | অগ্রসর |
| অতলস্পর্শী | অতলস্পর্শ | অশ্রুজল | অশ্রু |
| অভিপ্সা | অভীপ্সা | অন্বেশণ | অন্বেষণ |
| ইদানিং | ইদানীং | ইংরেজী | ইংরেজি |
| কেবলমাত্র | কেবল/মাত্র | কার্পণ্যতা | কার্পণ্য |
| চাপল্যতা | চাপল্য/চপলতা | নিরহংকারী | নিরহংকার |
| ইতিপূর্বে | ইতঃপূর্বে | সুকেশিনী | সুকেশা/সুকেশী |
| সৌন্দর্যতা | সৌন্দর্য | সুস্বাগত | স্বাগত |
| বারম্বার | বারংবার | প্রাণপন | প্রাণপণ |
| সম্বলিত | সংবলিত | সহকারি | সহকারী |